

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, নতুন শিক্ষাক্রমে প্রাথমিক ও মাধ্যমিকে এ বছর যে বইগুলো গেছে, সেগুলো পরীক্ষামূলকভাবে গেছে। কাজেই এবার ৬ষ্ঠ, ৭ম ও ১ম শ্রেণিতে যে বইগুলো শিক্ষার্থীদের হাতে উঠেছে সেগুলোতে ভুল থাকতে পারে।

গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতার চত্বরে বাংলাদেশ ছাত্রলীগ আয়োজিত ‘একুশ শতকে চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ছাত্রসমাজের ভূমিকা’ শীর্ষক আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

advertisement

শিক্ষামন্ত্রী বলেন, আমরা মাধ্যমিকের ৩৩ হাজার প্রতিষ্ঠানে পরীক্ষামূলক সংস্করণের বইগুলো দিয়েছি। প্রতিনিয়ত শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষাবিদদের কাছ থেকে ফিডব্যাক নেব এবং সে অনুযায়ী বছরব্যাপী আমরা এগুলোকে পরিমার্জন-পরিশীলন করব।

advertisement 4

দীপু মনি বলেন, আমরা একটা সমন্বিত যোগাযোগী শিক্ষাক্রম প্রণয়ন করেছি। কারণ এখন আমাদের সামনে ২০৩০ সালের যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা রয়েছে, যেটি আমাদেরও আন্তর্জাতিক অঙ্গীকার। সেখানে ১৭টি লক্ষ্য রয়েছে। এর ৪নং লক্ষ্য শিক্ষা, যেটি হলো সবকিছুর কেন্দ্রে। সেই শিক্ষার মান যদি আমরা অর্জন করতে পারি, সে শিক্ষাকে যদি জীবনব্যাপী শিক্ষা করতে পারি এবং অন্তর্ভুক্তিমূলক হয়, তা হলে বাকি ১৬টি লক্ষ্য অর্জন সহজ হয়ে যাবে।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের কারিগরি শিক্ষাকে অনেক বেশি গুরুত্ব ও সম্মান দিতে হবে। কারিগরি শিক্ষা থেকে উচ্চশিক্ষায় যাওয়ার পথে যে বাধা আমরা তা নিরসনে কাজ করছি। আমরা মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নের জন্য কাজ করছি। তিনি বলেন, ভাষা শিক্ষার ব্যাপারে

আমরা অনেক জোর দিচ্ছি। আগে তারা কেবল কোরআনের ভাষাটাই শিখত, কিন্তু এখন তারা আরবি সাহিত্যের ভাষাও শিখছে।

সভায় প্রধান আলোচক ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ মাহফুজুল ইসলাম। ছাত্রলীগ সভাপতি সাদ্দাম হোসেন সভাপতিত্ব ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান সঞ্চালনা করেন। অনুষ্ঠানে নীলক্ষেত সরকারি প্রাথমিক বিদ্যালয়, উদয়ন স্কুল এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপহার বিতরণ করা হয়।